# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
## বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ

**আসন্ন ঈদুল আযহা ২০২৬ উপলক্ষ্যে স্বল্প সময়ের মধ্যে কোরবানীর বর্জ্য অপসারণের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণের নিমিত্তে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রধান নির্বাহী কর্মকর্তা<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : | ১৫/০৪/২০২৬ খ্রি. |
| সময় | : | দুপুর ১২:০০ ঘটিকা। |
| স্থান | : | গুলশান সেন্টার পয়েন্ট (প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, লেভেল-৮) সভাকক্ষ। |
| উপস্থিতি | : | **পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্য।** |

১। সভার সভাপতি ও ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তাঁর বক্তব্যে সভায় উপস্থিত সকলকে আলোচ্য বিষয়ের উপর মনোযোগ আকর্ষণ করতে নির্দেশ প্রদান করেন। সভাপতি মহোদয় বলেন কোরবানীর বর্জ্য অপসারণের জন্য নগরবাসীকে সচেতন করা একান্ত প্রয়োজন। নাগরিকদের সহযোগিতায় একযোগে কার্যক্রম পরিচালনা করলে অতিদ্রুত কোরবানীর বর্জ্য অপসারণ সম্ভব। কোরবানীর বর্জ্য অপসারণে বিভিন্ন অংশীজনের মধ্যে সমন্বয় সাধনের জন্য তিনি সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে নির্দেশ প্রদান করেন।

২। সভাপতির অনুমতিক্রমে প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা ঈদুল আযহা ২০২৬ উপলক্ষ্যে ডিএনসিসির কর্ম পরিকল্পনা উপস্থাপন করেন। উক্ত কর্মপরিকল্পনার উপর বিস্তারিত আলোচনা করা হয়। সভার আলোচনা-পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. ঈদুল আযহা'২০২৬ উপলক্ষ্যে ডিএনসিসির নিম্নরূপ কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| **(ঈদুল আযহা'২০২৬ এর অনুষ্ঠান)** | | |
|---|---|---|
| **কার্যক্রমসমূহ** | | **দায়িত্ব প্রাপ্ত বিভাগ** |
| **৩০ দিন পূর্বের কার্যক্রম (২৯ এপ্রিল, ২০২৬)** | | |
| ১ | ৫৪ টি ওয়ার্ডের জন্য ১০০০ জন মাংস ব্যবসায়ী নির্বাচন | স্বাস্থ্য বিভাগ |
| **১৫ দিন পূর্বের কার্যক্রম (১৩ মে, ২০২৬)** | | |
| ২ | ৫৪ টি ওয়ার্ডের জন্য ১০০০ জন মাংস ব্যবসায়ী নির্বাচন করে প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করা | স্বাস্থ্য বিভাগ |
| ৩ | অঞ্চল ভিত্তিক পিডাব্লিউসিএসপি এর সাথে সমন্বয় সভা | সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৪ | জনসচেতনতামূলক র‍্যালি, টেলিভিশন, রেডিও, পত্রিকার মাধ্যমে প্রচারনা এবং মাইকিং এর মাধ্যমে প্রচারনা কার্যক্রম | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও জনসংযোগ কর্মকর্তা |
| ৫ | জুম্মার খুতবায় আলোচনার জন্য মসজিদের ঈমামদেরকে পত্র প্রেরণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা |

| (ঈদুল আযহা'২০২৬ এর অনুষ্ঠান) | | |
|---|---|---|
| কার্যক্রমসমুহ | | দায়িত্ব প্রাপ্ত বিভাগ |
| **০৭ দিন পূর্বের কার্যক্রম (২১ মে, ২০২৬)** | | |
| ৬ | অঞ্চল ভিত্তিক বর্জ্য পরিবহনের ব্যাগ, ব্লিচিং পাউডার, স্যাভলন এবং অন্যান্য উপকরণ বিতরণ | ভান্ডার ও ক্রয় বিভাগ |
| **০৫ দিন পূর্বের কার্যক্রম (২৩ মে, ২০২৬)** | | |
| ৭ | ওয়ার্ড ভিত্তিক বর্জ্য অপসারণ পরিকল্পনা চূড়ান্তকরণ | সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৮ | পরিবহন চালক ইউনিয়ন ও স্ক্যাভেঞ্জার্স এন্ড ওয়াকার্স ইউনিয়নের নেতৃবৃন্দের সাথে সভা | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৯ | বাসা বাড়ি থেকে বর্জ্য সংগ্রহকারী পরিচ্ছন্নতা কর্মীদের কুরবানীর বর্জ্য অপসারণ সংক্রান্ত প্রশিক্ষণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও উপ-প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| **০৩ দিন পূর্বের কার্যক্রম (২৫ মে, ২০২৬)** | | |
| ১০ | তদারকির জন্য মনিটরিং টিম গঠন ও কন্ট্রোল রুম স্থাপন | সচিব |
| ১১ | প্রতিটি অঞ্চলের আওতাধীন এলাকায় ব্যাগ, ব্লিচিং পাউডার এবং স্যাভলন বিতরণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| **০১ দিন পূর্বের কার্যক্রম (২৭ মে, ২০২৬)** | | |
| ১২ | প্রত্যেক অঞ্চলে প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত যানবাহন বরাদ্দকরণ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) |
| ১৩ | এলাকার সম্মানিত ব্যক্তিবর্গের সাথে আলোচনা পূর্বক পশু জবাইয়ের স্থান চিহ্নিত করণ ও পশু জবেহ করার স্থান প্রস্তুতকরণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও স্বাস্থ্য বিভাগ |
| ১৪ | ল্যান্ডফিল প্রস্তুত করণ | নির্বাহী প্রকৌশলী (ডিসপোজাল) |
| **ঈদের দিনের কার্যক্রম (২৮ মে, ২০২৬)** | | |
| ১৫ | অপরাহ্নে পশু বর্জ্য অপসারণের আনুষ্ঠানিক উদ্বোধনে নির্ধারিত সময় ও স্থানে প্রেস ও মিডিয়া কর্মীদের উপস্থিতি নিশ্চিত করণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও জনসংযোগ কর্মকর্তা |
| **কোরবানির পশু বর্জ্য অপসরণ সমাপ্তি** | | |
| ১৬ | মাননীয় প্রশাসক কর্তৃক কোরবানি পশু বর্জ্য অপসারণের সমাপ্তি ঘোষণার প্রেস করনফারেন্স | জনসংযোগ কর্মকর্তা |

২. ঈদের দিন গাবতলি এলাকায় যানজট নিরসনে সংশ্লিষ্ট পুলিশ বিভাগে সাথে সমন্বয় সভা করতে হবে। বাস্তবায়নে- সচিব, ডিএনসিসি।

৩. অবৈধ পশুর হাট যেন না বসে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে-আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ ও এক্সিকিউটিভ ম্যাজিষ্ট্রেট, ডিএনসিসি।

৪. কোরবানির বর্জ্য দ্রুত অপসারণের জন্য প্রয়োজনীয় সংখ্যক ট্রাক, পে-লোডার, ডাম্পার, পানির গাড়ীসহ অন্যান্য যানযন্ত্রপাতি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে-কেন্দ্রীয় পরিবহন পুল; তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক) ও নির্বাহী প্রকৌশলী (সংগ্রহ ও পরিবহন), ডিএনসিসি।

৫. ঈদের পূর্ববর্তী দিন হতে ঈদের পরবর্তী তিন দিন (মোট চার দিন) সার্বক্ষণিক ব্যবহারের জন্য সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তাগণের অনুকূলে ১১টি জীপগাড়ি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে- কেন্দ্রীয় পরিবহন পুল, ডিএনসিসি।

৬. ঈদের দিন সার্বক্ষণিক ব্যবহারের জন্য গঠিত তদারকি টিমের অনুকূলে অঞ্চলভিত্তিক গাড়ি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে- কেন্দ্রীয় পরিবহন পুল, ডিএনসিসি।

৭. ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নিয়ন্ত্রিত এলাকায় স্থাপিত পশুর হাটের বর্জ্য সুষ্ঠুভাবে অপসারণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃপক্ষের সাথে সমন্বয়সাধন। বাস্তবায়নে-বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ডিএনিসসি।

৮. কুরবানীর পশুর হাট ইজারাদার কর্তৃক যথাসময়ে পরিষ্কার করার বিষয়টি তদারকি করতে হবে। বাস্তবায়নে- সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তাগণ, ডিএনসিসি।

৩। সভাপতি দ্রুততম সময়ের মধ্যে কোরবানির বর্জ্য সুষ্ঠুভাবে অপসারণের জন্য সকলের একান্ত সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৫/৪/২৬

মুহাম্মদ আসাদুজ্জামান
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১০.০০০০.০৪৫.০৬.২৬৮.২৬-২৫৭/২

তারিখঃ ১৫/০৪/২০২৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব/বিভাগীয় প্রধান (সকল),............................................................. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১,২,৩,৪,৫,৬,৭,৮,৯ ও ১০,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক), প্রকৌশল বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. অতিরিক্ত প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। (ডিএনসিসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. নির্বাহী প্রকৌশলী, (ডিসপোজল/ সংগ্রহ ও পরিবহন),ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. উপ- প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা (সকল)।
১৩. অফিস কপি।

15/04/26

কমান্ডার মোহাম্মদ হুমায়ুন কবীর
প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।